

বাঘায় ২৬ বিদ্যালয় ছুটি দিয়ে শিক্ষকদের সমাবেশ

■ বাঘা (রাজশাহী) প্রতিনিধি

রাজশাহীর বাঘায় বিদ্যালয় ছুটি দিয়ে সমাবেশ করলেন উপজেলার ২৬টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা। শিক্ষক-কর্মচারীদের বার্ষিক সমাবেশ ও কৃতী ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠানে যোগ দিতে এ ছুটি যোগা করবেন প্রধান শিক্ষকরা। বৃহস্পতিবার সকাল ১০টায় উপজেলায় রহমতুল্লা বাপিকা উচ্চ বিদ্যালয়ে বাংলাদেশ শিক্ষক সমিতি (বাবিস) বাঘা উপজেলা শাখার আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। উপজেলা শিক্ষক সমিতির সভাপতি আনিসুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাঘা পৌর মেয়র আক্তাছ আদী। বিশেষ অতিথি হিসেবে উপজেলা নির্বাহী কর্মকর্তা মিজা শাকিলা দিল হাছিন ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবদুল মোকিমের উপস্থিতি থাকার কথা থাকলেও তারা কেউ ছিলেন না। অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন বাবিস রাজশাহী জেলা শাখার সাধারণ সম্পাদক আবদুল বারী। সভাপতি আনিসুর রহমান জানান, প্রধান শিক্ষকের হাতে থাকা রিজার্ভ ছুটি ব্যবহার করে এ আয়োজন করা হয়েছে। হাজিরা খাতায় স্বাক্ষর করে শিক্ষক-কর্মচারীরা সমাবেশে যোগ দিয়েছেন। তিনি জানান, বিকেল ৪টায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আগে ৬৫ ছাত্র-ছাত্রীকে ইংরেজি ডিকশনারি, ক্রেস্ট, কলম ও যাতায়াতের জন্য প্রত্যেককে ৭৫ টাকা প্রদান করা হয়। শিক্ষা কর্মকর্তা আবদুল মোকিম জানান, প্রধান শিক্ষকরা ৩-৪ দিন রিজার্ভ ছুটি ব্যবহার করতে পারবেন। তবে এ ছুটি ব্যবহার করা হয়েছে কি-না তা তিনি জানেন না।